

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬

২১ বৈশাখ, ১৪১৫  
তারিখ :-----  
০৪ মে, ২০০৮

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে ঋণ বিতরণ এবং  
আদায়ের জন্য এসএমই সার্ভিস সেন্টার খোলা প্রসংগে।**

ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতে মূলধন বিনিয়োগ বৃদ্ধি, স্বল্প ব্যয়ে কর্মসংস্থান সৃষ্টির সুযোগ এবং মূলধন-উৎপাদন অনুপাতের সুবিধা বিদ্যমান থাকায় জনবহুল বাংলাদেশে বেকারত্বের উচ্চ হার হ্রাসকল্পে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির প্রয়োজন রয়েছে। শুধুমাত্র ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে এরূপ ঋণ প্রদানের সুবিধা বৃদ্ধি, তদারকি ও আদায় সহজীকরণের জন্য বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহের পৃথক শাখা খোলা ব্যয় সাশ্রয়ী নাও হতে পারে বিধায় এসএমই সার্ভিস সেন্টার খোলার প্রয়োজনীয়তা রয়েছে বলে বাংলাদেশ ব্যাংক এরূপ সার্ভিস সেন্টার খোলার বিষয়ে অনুমতি প্রদানের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। এরূপ সার্ভিস সেন্টারসমূহে নিম্নোক্ত কার্যাদি সম্পাদিত হবে :

- ১। এসএমই সার্ভিস সেন্টারের মাধ্যমে কেবলমাত্র এসএমই গ্রাহকগণের ঋণের আবেদন গ্রহণ, ঋণ বিতরণ, তদারকি, ঋণের কিস্তি আদায় সংক্রান্ত ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা যাবে;
- ২। এসএমই সার্ভিস সেন্টারের মাধ্যমে বৈদেশিক রেমিট্যান্স এর শুধুমাত্র স্থানীয় মুদ্রা গ্রহণ এবং সংশ্লিষ্ট প্রাপকের অনুকূলে প্রদান করা যাবে;
- ৩। ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের উন্নয়নে মহিলা উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদানের জন্য এসএমই সার্ভিস সেন্টারে পৃথক ডেস্ক খোলা যাবে।

বাংলাদেশের যে সব এলাকায় সংশ্লিষ্ট ব্যাংকের শাখা নেই শুধুমাত্র সে সব এলাকায় বাংলাদেশে কার্যরত আগ্রহী তফসিলী ব্যাংকসমূহকে ২০০৮ সালের জন্য সীমিত সংখ্যক এসএমই সার্ভিস সেন্টার খোলার জন্য আগামী ১৫ জুন, ২০০৮ তারিখের মধ্যে এবং ২০০৯ সালের এসএমই সার্ভিস সেন্টার খোলার জন্য ঐ বছরের শাখা খোলার আবেদনপত্রের সহিত বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে আবেদনপত্র দাখিল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/  
(মোঃ জাহাঙ্গীর আলম)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১১৭৮২৫